যুগান্তর
প্রিন্ট: ০৯ অক্টোবর ২০২৫, ০৯:৩৪ এএম

শিক্ষাঙ্গন

চাকসু নির্বাচন

# ছাত্রদল সমর্থিত প্যানেলের ৮ দফা ইশতেহার ঘোষণা

চবি প্রতিনিধি
প্রকাশ: ০৮ অক্টোবর ২০২৫, ১০:২২ পিএম



ইশতেহার ঘোষণা করেন প্যানেলটির সহ-সভাপতি (ভিপি) প্রার্থী সাজ্জাদ হোসেন হৃদয়।

এ সময় উপস্থিত ছিলেন- ছাত্রদলের কেন্দ্রীয় সাধারণ সম্পাদক নাছির উদ্দীন নাছির, সহ-সভাপতি জিয়াউদ্দিন বাসেত, যুগ্ম-সাধারণ সম্পাদক মাসুম বিল্লাহসহ কেন্দ্রীয় ও বিশ্ববিদ্যালয় শাখার অন্য নেতারা।

**ছাত্রদল ঘোষিত ৮ দফা ইশতেহার হলো-**

শিক্ষা ও গবেষণাকে প্রাধান্য দিয়ে আধুনিক ও শিক্ষার্থীবান্ধব ক্যাম্পাস গড়ে তোলা, মানসম্মত খাদ্য ও আবাসনের অধিকার নিশ্চিত করা, শিক্ষার্থীদের নিরাপত্তা ও আইনি সহায়তা নিশ্চিত করা, নারী শিক্ষার্থীদের জন্য নিরাপদ ক্যাম্পাস ও নারী স্বাস্থ্য সুরক্ষা নিশ্চিত করা, পরিবহণ ব্যবস্থার মানোন্নয়ন ও সম্প্রসারণ, মানসম্মত স্বাস্থ্যসেবা ও স্বাস্থ্যসম্মত পরিবেশ নিশ্চিত করা, সাহিত্য সংস্কৃতি, ক্রীড়া ও বিনোদনমূলক কার্যক্রম সমৃদ্ধকরণ এবং ক্যারিয়ার গঠনের দক্ষতা বৃদ্ধি ও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা।

সাজ্জাদ হোসেন হৃদয় বলেন, আমরা চাই আমাদের প্রাণের এই বিশ্ববিদ্যালয় বিশ্বের অন্যান্য বিশ্ববিদ্যালয়ের সঙ্গে তাল মিলিয়ে এগিয়ে যাবে। শিক্ষার্থীদের ভাবনাই আমাদের ইশতেহার। এই ইশতেহার তৈরির আগে আমরা শিক্ষার্থীদের কাছে গিয়েছি, তাদের চাহিদাগুলো বোঝার চেষ্টা করেছি। সে আলোকেই আমাদের ৮ দফা ও ৬৯টি উপ-দফা নিয়ে ইশতেহার তৈরি করেছি। যদি নির্বাচিত হই আমরা ইশতেহার বাস্তবায়নে সর্বাত্মকভাবে কাজ করব।